জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়,ঢাকা।

www.janatabank-bd.com

ফরেন ট্রেড ডিপার্টমেন্ট-ইম্পোর্ট

ফোন ঃ ৯৫৫৯৬২৩,৫৫১১০০০৪

এফ.ডি.সার্কুলার লেটার নং-২৬৩

তারিখঃ- ১৪ মার্চ '২০১৮ খ্রিষ্টাব্দ
৩০ ফাল্গুন'১৪২৪ বঙ্গাব্দ

**সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/**
**একান্ত সচিব,সিইও এন্ড এমডি এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক**
**সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক**
**জনতা ব্যাংক লিমিটেড**
**প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়**
**লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা**
**এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।**

বিষয়ঃ আমদানি নীতি আদেশ,২০১৫-২০১৮ এর আলোকে পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস কোড ২৭,২৮,২৯,৩৯ অথবা প্রযোজ্য এইচ এস কোড)আমদানির লক্ষ্যে এলসি খোলার সময় বিইআরসি'র লাইসেন্সের মেয়াদ,পরিমাণগত ও গুণগত প্রাপ্যতা পরীক্ষা করা বাধ্যতামূলককরণ প্রসঙ্গে।

জনাব,

শিরোনামীয় বিষয়ে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর ২৮/০১/২০১৮ তারিখের পত্র সূত্র নং-বিইআরসি/এলপিপি/টিও (কনফিডেন্স)/১৭১/৬৫৬ (কপি সংযুক্ত) এবং বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ,বাংলাদেশ ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা-১০০০ এর এফই সার্কুলার পত্র নং-০৫ তারিখঃ ২৪ফাল্গুন'১৪২৪ বঙ্গাব্দ/০৮মার্চ,২০১৮ এ উল্লেখিত বিষয়বস্তু নিম্নে হুবাহু উদ্ধৃত করা হলো(কপি সংযুক্ত)ঃ

উদ্ধৃত

" বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) এর উল্লিখিত পত্র হতে জানা যায়, কোন কোন ব্যাংক বিইআরসি'র লাইসেন্সের মেয়াদ,পরিমানগত ও গুণগত প্রাপ্যতা পরীক্ষা না করে এলসি খুলছে। বেসরকারী খাতের আমদানিকারককে পেট্রোলিয়ামজাত পণ্য আমদানির জন্য আমদানি নীতি আদেশ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন,২০০৩ অনুযায়ী বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের লাইসেন্স প্রাপ্ত হবার বাধ্যবাধকতা এবং উক্ত লাইসেন্স ব্যতীত কোন ব্যক্তি/প্রতিষ্ঠান পেট্রোলিয়ামজাত পণ্য মজুত, বিপণন ও বিতরন,সরবরাহ করত পারবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। অত্র বিভাগের ২৮/০১/২০১৮ তারিখের বর্ণিত উক্ত সার্কুলার পত্রে অনুরূপ পরামর্শ দেয়া হয়েছিল। উক্ত নির্দেশনা সঠিকভাবে পরিপালন হচ্ছে না মর্মে বিইআরসি'র পত্র হতে প্রতীয়মান হচ্ছে।

এমতাবস্থায়, পেট্রোলিয়ামজাত পণ্য(এইচ এস কোড ২৭,২৮,২৯,৩৯ অথবা প্রযোজ্য এইচ এস কোড) আমদানির জন্য এলসি খোলার প্রাক্কালে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিইআরসি'র লাইসেন্সপ্রাপ্ত কিনা/লাইসেন্সের মেয়াদ আছে কিনা/যে পণ্য আমদানি করবে তা লাইসেন্সে উল্লেখ আছে কিনা এবং লাইসেন্সে উল্লেখিত পরিমানগত ও গুণগত প্রাপ্যতা ঠিক আছে কিনা তা পরীক্ষা করে এলসি খোলার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

স্বাক্ষরিত/-
---
(মোঃ আব্দুল মান্নান)
উপ-মহাব্যবস্থাপক"

অনুদ্ধৃত

এমতাবস্থায়,বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর ২৮/০১/২০১৮ তারিখের পত্র সূত্র নং-বিইআরসি/এলপিপি/টিও (কনফিডেন্স)/১৭১/৬৫৬ (কপি সংযুক্ত) এবং বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ,বাংলাদেশ ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা-১০০০ এর এফই সার্কুলার পত্র নং-০৫ তারিখঃ২৪ফাল্গুন'১৪২৪ বঙ্গাব্দ/০৮মার্চ,২০১৮ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন/বাস্তবায়নের জন্য এডি শাখাসহ সংশ্লিষ্ট বিভাগসূহকে পরামর্শ প্রদান করা হলো।

(মাসফিউল বারী)
উপ মহাব্যবস্থাপক

(মোঃ আব্দুল জব্বার)
মহাব্যবস্থাপক

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

এজিএম, এফটিডি (ইম্পোর্ট) সমীপে ঃ

এফই সার্কুলার পত্র নং- ০৫

ফাল্গুন ২৪, ১৪২৪ বাং
তারিখ ঃ ------------------
মার্চ ০৮, ২০১৮ ইং

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়গণ,

**আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ এর আলোকে পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস কোড ২৭, ২৮, ২৯, ৩৯ অথবা প্রযোজ্য এইচ এস কোড) আমদানির লক্ষ্যে এলসি খোলার সময় বিইআরসি'র লাইসেন্সের মেয়াদ, পরিমাণগত ও গুণগত প্রাপ্যতা পরীক্ষা করা বাধ্যতামূলককরণ প্রসঙ্গে।**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর ২৮/০১/২০১৮ তারিখের বিইআরসি/এলপিপি/টিও(কনফিডেন্স)/১৭১/৬৫৬ সংখ্যক পত্র (কপি সংযুক্ত) এবং অত্র বিভাগের ১৩/১০/২০১৪ তারিখের সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৪-১৯ এর প্রতি আপনাদের মনযোগ আকর্ষণ করা যাচ্ছে।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) এর উল্লিখিত পত্র হতে জানা যায়, কোন কোন ব্যাংক বিইআরসি'র লাইসেন্সের মেয়াদ, পরিমাণগত ও গুণগত প্রাপ্যতা পরীক্ষা না করে এলসি খুলছে। বেসরকারী খাতের আমদানিকারককে পেট্রোলিয়ামজাত পণ্য আমদানির জন্য আমদানি নীতি আদেশ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুযায়ী বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের লাইসেন্স প্রাপ্ত হবার বাধ্যবাধকতা এবং উক্ত লাইসেন্স ব্যতীত কোন ব্যক্তি/প্রতিষ্ঠান পেট্রোলিয়ামজাত পণ্য মজুত, বিপণন ও বিতরণ, সরবরাহ করতে পারবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। অত্র বিভাগের ২৮/০১/২০১৮ তারিখের বর্ণিত উক্ত সার্কুলার পত্রে অনুরূপ পরামর্শ দেয়া হয়েছিল। উক্ত নির্দেশনা সঠিকভাবে পরিপালন হচ্ছে না মর্মে বিইআরসি'র পত্র হতে প্রতীয়মান হচ্ছে।

এমতাবস্থায়, পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস কোড ২৭, ২৮, ২৯, ৩৯ অথবা প্রযোজ্য এইচ এস কোড) আমদানির জন্য এলসি খোলার প্রাক্কালে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিইআরসি'র লাইসেন্সপ্রাপ্ত কিনা/লাইসেন্সের মেয়াদ আছে কিনা/যে পণ্য আমদানি করবে তা লাইসেন্সে উল্লেখ আছে কিনা এবং লাইসেন্সে উল্লেখিত পরিমাণগত ও গুণগত প্রাপ্যতা ঠিক আছে কিনা তা পরীক্ষা করে এলসি খোলার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(মোঃ আব্দুল মান্নান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩১৯

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা ১২১৫
ফ্যাক্স: +৮৮-০২-৮১৫৫৭৪৩, ওয়েব সাইট: www.berc.org.bd

নং বিইআরসি/এলপিপি/টিও(কনফিডেন্স)/১৭১/ ৬৫৬

তারিখঃ ১৮ জানুয়ারি, ২০১৮

**বিষয়ঃ আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ এর আলোকে পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস কোড ২৭, ২৮, ২৯, ৩৯ অথবা প্রযোজ্য এইচ এস কোড) আমদানির লক্ষ্যে এলসি খোলার সময় বিইআরসি'র লাইসেন্সের মেয়াদ, পরিমাণগত ও গুণগত প্রাপ্যতা পরীক্ষা করা বাধ্যতামূলক করণ প্রসঙ্গে।**

সূত্রঃ (১) বিইআরসি'র পত্র নং- বিইআরসি/এলপিপি/লুব(গার্ডিয়ান)/২২৮/২৮৬৫, তারিখঃ সেপ্টেম্বর ০৯, ২০১৪।
(২) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৪-১৯, তারিখঃ ১৩ অক্টোবর, ২০১৪
(৩) বিইআরসি'র পত্র নং- বিইআরসি/এলপিপি/লুব(গার্ডিয়ান)/২২৮/৩৪২৬, তারিখঃ আগস্ট ৩১, ২০১৫।
(৪) বিইআরসি'র পত্র নং- বিইআরসি/এলপিপি/লুব(গার্ডিয়ান)/২২৮/৫১৩৫, তারিখঃ জানুয়ারি ০৭, ২০১৬।

১। উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) আইন, ২০০৩ এর ২৭ ও ২৮ ধারা অনুসারে পেট্রোলিয়ামজাত পণ্য মজুদকরণ, বিপণন ও বিতরণ, সরবরাহকরণ ব্যবসায় নিয়োজিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন হতে লাইসেন্স গ্রহণের বাধ্যবাধকতা আছে। ইতোপূর্বে সূত্রস্থ ১, ৩ ও ৪ নং পত্রের মাধ্যমে পেট্রোলিয়ামজাত পণ্য আমদানির লক্ষ্যে এলসি খোলার সময় বিইআরসি'র লাইসেন্স পরীক্ষা করার বিষয়ে তফসিলী ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদানের ব্যাপারে বাংলাদেশ ব্যাংক বরাবর পত্র প্রেরণ করা হয়।

২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সূত্রস্থ ২নং পত্রে পেট্রোলিয়াম জাতীয় পণ্য আমদানির লক্ষ্যে এলসি খোলার সময় বিইআরসি'র লাইসেন্স পরীক্ষা করার বিষয়ে সংশ্লিষ্ট সকল তফসিলী ব্যাংকসমূহকে পরামর্শ দেয়া হয়।

৩। এতদসত্ত্বেও কিছু ব্যাংক বিইআরসির লাইসেন্সের মেয়াদ, পরিমাণগত ও গুণগত প্রাপ্যতা পরীক্ষা না করে এলসি খুলছে যার ফলে কিছু প্রতিষ্ঠান কমিশন হতে লাইসেন্স গ্রহণ/সংশোধন ব্যতিরেকে বিভিন্ন এইচ এস কোড এর আওতাধীন পেট্রোলিয়ামজাত পণ্য আমদানি করছে এবং কাস্টমস্ কর্তৃপক্ষ হতে মালামাল খালাস করতে না পেরে লাইসেন্সের জন্য কমিশনের শরণাপন্ন হচ্ছে। প্রতিষ্ঠানটির আমদানিকৃত পেট্রোলিয়ামজাত পণ্য বন্দরে আটকে থাকার কারণে দ্রুত লাইসেন্স প্রদান করতে গিয়ে জটিলতার সৃষ্টি হয়।

৪। এ অবস্থা হতে উত্তরণের লক্ষ্যে পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস কোড ২৭, ২৮, ২৯, ৩৯ অথবা প্রযোজ্য এইচ এস কোড) আমদানির জন্য এলসি খোলার প্রাক্কালে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিইআরসি'র লাইসেন্স প্রাপ্ত কিনা/লাইসেন্সের মেয়াদ আছে কিনা/যে পণ্য আমদানি করবে তা লাইসেন্সে উল্লেখ আছে কিনা এবং লাইসেন্সে উল্লেখিত পরিমাণগত ও গুণগত প্রাপ্যতা ঠিক আছে কিনা তা পরীক্ষা করে এলসি খোলার/অনুমোদন প্রদানের জন্য সকল তফসিলী ব্যাংক সমূহকে পুনরায় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ড. মোঃ দিদারুল আলম
পরিচালক (পেট্রোলিয়াম)
ফোনঃ ৯১৪ ০০৪২

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ২য় এনেক্স বিল্ডিং
মতিঝিল, ঢাকা-১০০০।

Scanned by CamScanner